

**2021/TDC/CBCS/ODD/  
BNGHCC-301T/362**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021  
held in March, 2022**

**BENGALI**

**( 3rd Semester )**

Course No. : BNGHCC-301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাস্বর্হু সংখ্যা পূর্ণমান নির্দেশক

**SECTION—A**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) :  $2 \times 10 = 20$

- ১। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো। এই যুগের নিদর্শন কোন্ ভাষাতে পাওয়া যায়?
- ২। মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরের পর্বগত নাম কী? এর যে কোনো একটি আঞ্চলিক রূপের নাম লেখো।
- ৩। মাগধীর পূর্বীশাখা থেকে প্রথমে কয়টি আধুনিক ভাষার জন্ম হয়েছিল? সেগুলোর নাম উল্লেখ করো।

( 2 )

- ৪। 'সসুরা নিদ গেল বহুঁড়ী জাগঅ'—কোন স্তরের বাংলা ভাষার নিদর্শন? এই স্তরের বাংলা ভাষায় অধিকরণের বিভক্তিগুলোর মধ্যে কোন বিভক্তির প্রয়োগ ব্যাপক ছিল?
- ৫। আদি-মধ্য বাংলার প্রধান ছন্দের নাম কী? এই ছন্দের প্রতি পদে কয়টি মাত্রা ছিল?
- ৬। অন্ত্য-মধ্য বাংলার দুটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।
- ৭। উপভাষা কয় প্রকার ও কী কী?
- ৮। বর্তমান পশ্চিমবঙ্গের প্রধান উপভাষা কী? সে>হে, বসো>বহো — এরকম 'স' স্থানে 'হ' উচ্চারণ আধুনিক বাংলার কোন উপভাষায় পরিলক্ষিত হয়?
- ৯। 'সন্দেশ' শব্দের আদি অর্থ ছিল কুশলবার্তা নেবার সঙ্গে মিষ্টায় ও উপহার। বর্তমানে শব্দটি ছানা-চিনি সংযোগে প্রস্তুত বিশেষ মিষ্টি হিসেবে ব্যবহৃত হয়। এরকম অর্থ-পরিবর্তনের কারণটির নাম কী এবং অর্থ-পরিবর্তনের কোন ধারা এখানে অনুসৃত হয়েছে?
- ১০। আদিস্বরলোপ ও অন্ত্যস্বরলোপের একটি করে উদাহরণ দাও।
- ১১। ঐতিহ্যগত ব্যাকরণে গঠনগত দিক থেকে বাক্যকে কয়টি শ্রেণীতে ভাগ করা হয় এবং তা কী কী?
- ১২। বাংলা বাক্য পদের স্বাভাবিক ক্রম উল্লেখ করো।

22J/734

(Continued)

( 3 )

- ১৩। সমস্যমান পদ ও বিগ্রহ বাক্যের একটি করে উদাহরণ দাও।
- ১৪। নিম্নরেখ পদগুলিতে কোন কারকে কোন বিভক্তি হয়েছে লেখো :
- (ক) যেখানে বায়ের ভয় সেখানেই রাত হয়।
- (খ) বেদনায় ভরে গিয়েছে পেয়ালা।
- ১৫। অপাদান কারকের প্রধান বৈশিষ্ট্য কী, উদাহরণসহ লেখো।

SECTION—B

- নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০
- ১৬। প্রাচীন ভারতীয় আর্থভাষার লক্ষণসমূহের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৭। প্রাকৃত ভাষা কোন ভাষা থেকে জন্মলাভ করেছে? যে কোনো একটি সাহিত্যিক প্রাকৃতের বৈশিষ্ট্য আলোচনা করো। ১+৯=১০
- ১৮। অন্ত্য-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৯। আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২০। উদাহরণ সহযোগে 'বরেন্দ্রী' অথবা 'বঙ্গালী' উপভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও।

22J/734

(Turn Over)

( 4 )

- ২১। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার পরিচয় দাও।
- ২২। শুদ্ধ বাক্যের ত্রি-সূত্র উদাহরণসহ আলোচনা করো।
- ২৩। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২৪। বহুব্রীহি সমাস কাকে বলে? ব্যধিকরণ, সমানাধিকরণ এবং সংখ্যা বহুব্রীহি সমাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।  $২+৮=১০$
- ২৫। অধিকরণ কারক কাকে বলে? অধিকরণ কারক কত প্রকার ও কী কী? অধিকরণ কারকের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো।  $২+২+৬=১০$

\*\*\*